



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০২০. ২৩৬

তারিখ: ২৫/০২/২০২২ খ্রি.

বিষয়: কোডিড-১৯ পরিস্থিতি বিবেচনায় অনস্থাস্থ ও স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম ২২/০২/২০২২ খ্রি.  
হতে চালুকরণ সংক্রান্ত।

সূত্র: মাউশি অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০.১০৭; তারিখ: ২২/০১/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রান্ত পত্রের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোডিড-১৯ অতিমারিয়ার কারণে ২১/০১/২০২২ খ্রি. থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম বন্ধ রয়েছে। বর্তমানে কোডিড-১৯ পরিস্থিতি ক্রমাগতে সত্ত্বেও পর্যায়ে উরীত হওয়ায় ২২/০২/২০২২ খ্রি. হতে শিক্ষা প্রতিষ্ঠান খোলার সরকারি সিঙ্কান্ত বাস্তবায়নে প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে ইতিপূর্বে সূত্রান্ত প্রতিষ্ঠান খোলার সরকারি সিঙ্কান্ত বাস্তবায়নে প্রতিষ্ঠানে নিম্নোক্ত কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো।

#### কার্যক্রমসমূহ:

১. শিক্ষা প্রতিষ্ঠানের যে সকল শিক্ষার্থী কোডিড-১৯ টিকার ২য় ডোজ গ্রহণ করেছে সে সকল শিক্ষার্থী সশরীরে শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে;
২. শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশমুখসহ অন্যান্য স্থানে কোডিড-১৯ অতিমারি সম্পর্কিত সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি প্রতিপাদনে করণীয় বিষয়সমূহ ব্যানার বা অন্য কোন উপায়ে প্রদর্শনের ব্যবস্থা করা;
৩. শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশ পথে সকল শিক্ষক-কর্মচারী-শিক্ষার্থী-অভিভাবকদের তাপমাত্রা পরিমাপক যন্ত্রের মাধ্যমে নিয়মিত তাপমাত্রা মাপা ও তা পর্যবেক্ষণ করার ব্যবস্থা করা;
৪. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ পরিস্থিতি বিবেচনায় অনলাইন/ডার্টুয়াল প্ল্যাটফর্ম-এ শিখন-শেখানো কার্যক্রম অব্যাহত রাখবে;
৫. শিক্ষার্থীদের জন্য বিতরণকৃত অ্যাসাইনমেন্টসমূহের কার্যক্রম যথারীতি অব্যাহত থাকবে;
৬. শিক্ষার্থীদের ক্লাস রুটিন ইতোপূর্বে প্রেরিত নির্দেশনা মোতাবেক প্রণয়ন করতে হবে;
৭. শিক্ষার্থীদের ডিডি এড়ানোর জন্য প্রতিষ্ঠানের সবগুলো প্রবেশ/প্রস্থান মুখ ব্যবহার করার ব্যবস্থা করা। যদি কেবল একটি প্রবেশ/প্রস্থান মুখ থাকে সেক্ষেত্রে একাধিক প্রবেশ/প্রস্থান মুখের ব্যবস্থা করার চেষ্টা করা;
৮. প্রতিষ্ঠান খোলার প্রথম দিন শিক্ষার্থীদের আনন্দঘন পরিবেশে শ্রেণি কার্যক্রমে স্বাগত জানানোর ব্যবস্থা করা;
৯. প্রতিষ্ঠান খোলার প্রথম দিন শিক্ষার্থীরা কিভাবে স্বাস্থ্যবিধি মেনে প্রতিষ্ঠানে অবস্থান করবে এবং বাসা থেকে যাওয়া-আসা করবে সেই বিষয়ে তাদেরকে শিক্ষণীয় ও উদ্বৃক্ষকারী ত্রিফিং প্রদান করার ব্যবস্থা করা;
১০. প্রতিষ্ঠানের একটি কক্ষ প্রাথমিক চিকিৎসার ব্যবস্থাসহ আইসোলেশন কক্ষ হিসেবে প্রস্তুত রাখা;
১১. প্রতিষ্ঠানের সকল ডবনের কক্ষ, বারান্দা, সিডি, ছাদ এবং আঙিনা যথাযথভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করার ব্যবস্থা রাখা;
১২. প্রতিষ্ঠানের সকল ওয়াশরুম নিয়মিত সঠিকভাবে পরিষ্কার রাখা এবং পর্যাপ্ত পানির ব্যবস্থা রাখা;
১৩. প্রতিষ্ঠানে শিক্ষক, শিক্ষার্থী, কর্মচারী, অভিভাবকসহ অন্য কেউ প্রবেশ/অবস্থান/প্রস্থানের সময় সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে প্রতিপাদন করা;
১৪. প্রতিষ্ঠানের সকল শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারী এবং অন্য কেউ সঠিকভাবে মাস্ক পরিধান করার বিষয়টি নিশ্চিত করা;
১৫. প্রতিষ্ঠানে সাবান বা হ্যালওয়াশ দ্বারা হাত ধোয়ার পর্যাপ্ত ব্যবস্থা করা;
১৬. শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের বসার ক্ষেত্রে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করা। এক্ষেত্রে পারম্পরিক ৩ (তিনি) ফুট শারীরিক দূরত বজায় রাখার ব্যবস্থা করা;
১৭. শিক্ষা প্রতিষ্ঠানের খেলার মাঠ, ডেন ও বাগান যথাযথভাবে পরিষ্কার পরিচ্ছন্ন করা এবং কোথাও পানি জমে না থাকে তা নিশ্চিত করার ব্যবস্থা করা;
১৮. প্রতিষ্ঠানসমূহে শিক্ষক, শিক্ষার্থীদের উপস্থিতির সংখ্যা নিরূপণ করা;
১৯. প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে আনন্দঘন শিখন কার্যক্রমের মাধ্যমে শ্রেণি কার্যক্রম পরিচালিত করা;
২০. প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও অভিভাবকদের সাথে সভা করে এতদসংক্রান্ত বিষয়ে প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

(অধ্যাপক নেহাল আহমেদ)

মহাপরিচালক

ফোন: ০২-২২৩৩৫১০৫৭

#### বিতরণ:

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল

**অনুলিপি:** সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যাবর্তী (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। জেলা প্রশাসক (সকল)
- ৩। পরিচালক, কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট/প্রশিক্ষণ/মনিটরিং এন্ড  
ইড্যুক্যুশান উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা  
[নির্দেশনাটি মাউশ'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৫। অধ্যক্ষ, সরকারি কলেজ (সকল) [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ৬। সভাপতি, সকল মাধ্যমিক, স্কুল ও কলেজ, উচ্চ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শ্রর্যুক্ত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান
- ৭। অধ্যক্ষ, বেসরকারি কলেজ (সকল) [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ৮। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা [নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ]
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
- ১০। প্রধান শিক্ষক, সরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল) [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ১১। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা [নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ]
- ১২। প্রধান শিক্ষক, বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল) [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ১৩। সংরক্ষণ মন্ত্রি